গ্রেড A ক্লিংকার
শুধুমাত্র কনফিডেন্স সিমেন্টই ব্যবহার করছে
কনফিডেন্সসিমেন্ট | আস্থা রাখুন
01755-550035, 01755-550036

দৈনিক
আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক

রয়েল সিমেন্ট
ফটল ও নোনা রোধী

বৃহস্পতিবার | ৮ জুন ২০২৩ | www.edainikazadi.net রেজি. নং-চ-৫৪ | ৬৩তম বর্ষ ২৬৬ সংখ্যা | ২৫ জ্যৈষ্ঠ ১৪৩০ সাল | ১৮ জিলক্বদ ১৪৪৪ হিজরি | ৮ পৃষ্ঠা | ৭ টাকা

প্রিমিয়ার ভার্সিটির তড়িৎ প্রকৌশল বিভাগের প্রশিক্ষণ কর্মশালায় প্রশিক্ষণার্থীদের সাথে অতিথিবৃন্দ

প্রিমিয়ার ভার্সিটির তড়িৎ প্রকৌশল বিভাগ

‘পিসিবি ডিজাইন ও ফেব্রিকেশন’ শীর্ষক কর্মশালা সম্পন্ন

প্রিমিয়ার ইউনিভার্সিটির তড়িৎ প্রকৌশল বিভাগের উদ্যোগে ও আইকিউএসি প্রিমিয়ার ইউনিভার্সিটির সহযোগিতায় বিভাগের তৃতীয় ও চতুর্থ বর্ষের শিক্ষার্থীদের জন্য ‘পিসিবি ডিজাইন এন্ড ফেব্রিকেশন’ শীর্ষক দিনব্যাপি এক কর্মশালা গত ৩ জুন অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন প্রকৌশল অনুষদের ডিন ও আইকিউএসির ডিরেক্টর প্রফেসর ড. তৌফিক সাঈদ। বিভাগের চেয়ারম্যান টুটন চন্দ্র মল্লিকের সভাপতিত্বে প্রশিক্ষণ প্রদান করেন ইউসেপ বাংলাদেশের ইন্সট্রাক্টর ও ইনসাইট অটোম্যাটার এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার উচ্ছ্বাস দেবনাথ। প্রধান অতিথি বলেন, আমাদের ডিজিটাল বাংলাদেশ খুব কম সময়ের মধ্যে স্মার্ট বাংলাদেশের রূপান্তরিত হবে, যা প্রধানমন্ত্রীর স্বপ্ন। এই স্মার্ট বাংলাদেশের হাতিয়ার হতে হবে প্রকৌশলীদের। এই স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে শিক্ষার্থীদের ভূমিকা বেশি বলে আমি মনে করি। কর্মশালার প্রশিক্ষক উচ্ছ্বাস দেবনাথ কর্মশালার বিভিন্ন অংশে সার্কিট ডিজাইন, সেই সার্কিট থেকে কীভাবে পিসিবি লেআউট তৈরি করতে হয়, সেই বিষয়ে হাতে-কলমে প্রশিক্ষণ প্রদান করেন। বিভাগের প্রভাষক রাহুল চৌধুরীর তত্ত্বাবধানে কর্মশালায় এতে উপস্থিত ছিলেন সহকারী অধ্যাপক সাইফুদ্দিন মুন্না, সহকারী অধ্যাপক হেলাল উদ্দিন, সহকারী অধ্যাপক আকরামুল হক, প্রভাষক সুজন চৌধুরী প্রমুখ। শেষে

Ref: Daily Azadi, Date: 08 June 2023, Page: 3, Col: 4
hhttps://edainikazadi.net/index.php?page=1&date=2023-06-8